

শ্রীশ্রীহরি সঙ্গীত

- ৫। লোভ-মোহ-মদ-মাৎস্য, তারে মারুক ধৈর্য সহ,
হবে দেহে সিংহ বীর্য, গুরুর পদে প্রাণ সঁপিলে ॥
- ৬। অশ্বিনী তোর কিসের সন্দ, সহায় গুরু মহানন্দ,
শক্তি দিচ্ছে গোলোকচন্দ্র, যাঁর ছঙ্কারে পাষণ গলে ॥

১০৭ নং তাল-গড়খেমটা

বাম করে ধর ভাবের গোবর্ধন।

আমার অজ্ঞান ইন্দ্রের, ঝড় বৃষ্টি ঘুচাও হে মধুসূদন ॥

- ১। জীবাশ্মা ব্রহ্মার আশ্রিত্যে দূর, কর হে কাঙ্গালের ঠাকুর,
আমার মুক্তি রূপ জমাল বৃক্ষ করছে সংচুর।
আমার হৃদ কদম্ব তরুমূলে গো,
প্রেম রাধার সঙ্গে হও যুগল মিলন।
- ২। মাৎস্য কংস যে অসুর, ক্রোধরূপ তৃণাবর্তাসুর,
আমার লোভ মোহ, অঘা বগা নাশ কর ঠাকুর।
আমার কাম কালীয় কর দমন গো,
হিংসা রূপ পুতনা কর নিধন।
- ৩। জ্ঞান মিশ্রা নন্দালয় যাও, আনন্দে নন্দের বাঁধা রও,
আমার মতি যশোমতীর কোলে, গোপাল বেশে রও।
তুমি বাৎসল্য রস নবনী খাও গো,
সঙ্গেতে ল'য়ে সখ্য রাখাল গণ ॥
- ৪। আত্মরূপ বলাইয়ের সনে, যাও মোদের সাধন তালবনে।
আমার মদাঙ্ককার, বৃষাসুরকে বধ কর প্রাণে,
নববিধ ভক্তি ধেনুগণে গো, আনন্দে চারাও হৃদি বৃন্দাবন ॥
- ৫। হরিচাঁদ রূপে অবতার, করিলে কলির জীব নিস্তার,
মহানন্দ রূপে গুরু নিলেন দেহের ভার।
গৌসাই তরকসাঁদের বাঞ্ছা এবার গো অশ্বিনী পায় যেন ফুলচরণ ॥

১০৮ নং তাল-গড়খেমটা

জগৎ পাগল করতে পাগল, এল পাগল হরিচাঁদ।

পাগলে পাগল করে, পাতিয়া প্রেমের ফাঁদ ॥